

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
আটঘরিয়া, পাবনা।  
food.atghoria.pabna.gov.bd

স্মারক নং-১৩.০১.৭৬০৫.০০১.৫৭.০২৬.২৫-১৯

তারিখ-১২/০১/২০২৫খ্রি:

**পাবনা জেলার আটঘরিয়া উপজেলার ০৫ টি ইউনিয়নের খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি**

এতদ্বারা পাবনা জেলার আটঘরিয়া উপজেলার ০৫ (পাঁচ) টি ইউনিয়নের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৪/১০/২০২৪ খ্রি. তারিখে সরকার কর্তৃক জারিকৃত খাদ্যবান্ধব কর্মসূচির খাদ্যশস্য বিক্রয় নীতিমালা-২০২৪ ও খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা'র ১৪/১০/২০২৪ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭ নং পরিপত্রের অনুবৃত্তিক্রমে ০৮/০১/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত আটঘরিয়া উপজেলা খাদ্যবান্ধব কমিটির সভায় গৃহিত সিদ্ধান্ত মোতাবেক আটঘরিয়া উপজেলায় ০৫ (পাঁচ) টি ইউনিয়নে খাদ্যবান্ধব কর্মসূচির খাদ্যশস্য বিক্রয়ের জন্য অত্র উপজেলাধীন ০৫ (পাঁচ) টি ইউনিয়নে ১০ (দশ) টি বিক্রয় কেন্দ্র খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ করা হবে। নিম্ন ছকে বিক্রয় কেন্দ্রের স্থান উল্লেখ করা হলো;

ছক	
ইউনিয়নের নাম	বিক্রয় কেন্দ্রের স্থান
মাজপাড়া	খিদিরপুর বাজার
	পারখিদিরপুর বাজার
চাঁদভা	সড়াবাড়িয়া বাজার
	চাঁদভা বাজার
দেবোত্তর	মতিঝিল বাজার
	গোড়রী বাজার
একদন্ত	একদন্ত বাজার
	জোড়গাছা বাজার
লক্ষীপুর	শ্রীপুর বাজার
	যাত্রাপুর বাজার

আটঘরিয়া উপজেলাধীন সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হিসেবে বসবাসকারী যে কোন আগ্রহী ব্যক্তির নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ১২/০১/২০২৫খ্রি. তারিখ রবিবার সকাল ৯.০০ ঘটিকা হতে ২৩/০১/২০২৫খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আটঘরিয়া, পাবনা বরাবর আবেদন গ্রহণ করা হবে।

শর্তসমূহঃ

১. জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হিসেবে বসবাসকারী যে কোন নাগরিক আবেদন করতে পারবেন;
২. আবেদনকারীকে ইউনিয়ন কর্তৃক ট্রেড লাইসেন্সধারী হতে হবে এবং ট্রেড লাইসেন্স হালনাগাদ থাকতে হবে;
৩. আবেদনকারীকে খাদ্যশস্যের লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে এবং লাইসেন্স হালনাগাদ থাকতে হবে;
৪. উপরের ছকে উল্লেখিত ইউনিয়নের বিক্রয় কেন্দ্রের স্থানে (হাট/ বাজারে) নিজস্ব/ভাড়াইয় দোকান থাকতে হবে;
৫. আবেদনকারীর কমপক্ষে ১৫ (পনেরো) মে.টন খাদ্য শস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে, দোকানের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে। নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে খাদ্যশস্য বিক্রয় করতে হবে;
৬. আবেদনকারীকে আর্থিক ভাবে স্বচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে ;
৭. খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত/ বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ডিলার নিয়োগ পেতে আবেদন করতে পারবেন না;
৮. কোন সরকারি কর্মচারি কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না এবং একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না;
৯. একজন আগ্রহী খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার প্রার্থী একাধিক আবেদন করতে পারবেন না। আবেদনকারীর ব্যবসা প্রতিষ্ঠান যে এলাকায় অবস্থিত সে এলাকার জন্য আবেদন করতে হবে এবং একই বিক্রয় কেন্দ্রে একাধিক প্রার্থী আবেদন করলে যোগ্য আবেদনকারীদের মধ্য হতে লটারির মাধ্যমে বিক্রয় কেন্দ্র ভিত্তিক একজন ডিলার নির্বাচন করা হবে;
১০. ডিলার হিসাবে নির্বাচিত হলে ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত পে-অর্ডার আকারে জমা দিতে হবে এবং ডিলারের জন্য নির্ধারিত শর্তাবলী সম্বলিত ৩০০/- টাকার (পরিবর্তনযোগ্য) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দিতে হবে।
১১. খাদ্যবান্ধব কর্মসূচির ডিলারশিপ প্রাপ্তির জন্য নির্ধারিত আবেদন ফরম উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আটঘরিয়া, পাবনা হতে গ্রহণ করতে হবে। আবেদন পত্রের সাথে (১) পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, (২) ফুডগ্রেইন লাইসেন্স এর ফটোকপি (উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় হতে প্রদত্ত), (৩) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র (ব্যাংক সলভেন্সি), (৪) দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি, (৫) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, (৬) নাগরিকত্ব সনদের ফটোকপি (ইউনিয়ন কর্তৃক প্রদত্ত), (৭) ট্রেড লাইসেন্স (ইউনিয়ন কর্তৃক প্রদত্ত) আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজপত্র যথাযথ ভাবে সংযুক্তি দিয়ে খাম বন্দি করে খামের উপর ইউনিয়ন ও বিক্রয় কেন্দ্রের নাম উল্লেখ করে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আটঘরিয়া, পাবনা বরাবর জমা প্রদান করতে হবে;
১২. ডিলার নিয়োগ সংক্রান্ত সময়ে সময়ে জারীকৃত এতদসংক্রান্ত সরকারি নির্দেশনা এবং অন্যান্য আদেশসমূহ প্রযোজ্য হবে।
১৩. খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

নূর হোসেন  
১২/০১/২০২৫  
নূর হোসেন  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
ও  
সদস্য সচিব  
উপজেলা খাদ্যবান্ধব কমিটি  
আটঘরিয়া, পাবনা।